গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গলাচিপা, পটুয়াখালী।
www.galachipa.patuakhali.gov.bd

স্মারক নং - ০৫.১০.৭৮৫৭.০০২.০৬.০২৮.২৪- ২১৩ তারিখ - ২৮.০২.২০২৪ খ্রিঃ

## খেয়াঘাট ইজারার ২য় দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গলাচিপা উপজেলার নিম্নবর্নিত ০৪ টি আন্তঃ ইউনিয়ন খেয়াঘাট বাংলা ১৪৩১ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য অনুমোদিত টোলের হার ও নিম্নবর্নিত শর্তসাপেক্ষে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত ২য় দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | খেয়াঘাট ক্র:নং | খেয়াঘাটের নাম | অবস্থান | | বাংলা ১৪৩১ সালের সরকারি ইজারা মূল্য | দরপত্র ফরমের মূল্য (অফেরৎযোগ্য) |
|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | ইউনিয়ন | | |
| ০১ | ২ | কলাগাছিয়া হাট - চিংগুরিয়া লঞ্চঘাট খেয়াঘাট | কলাগাছিয়া - চিংগুরিয়া | কলাগাছিয়া - আমখোলা | ৫৮,৮৯৮/- | ৫০০/- |
| ০২ | ৪ | গজালিয়া লঞ্চঘাট - সুহুরী চরহরিদেবপুর খেয়াঘাট | গজালিয়া - সুহুরী চরহরিদেবপুর | গজালিয়া - গোলখালী | ১০,৫০৩/- | ৫০০/- |
| ০৩ | ৫ | পক্ষিয়া লঞ্চঘাট - নলুয়াবাগী খেয়াঘাট | পক্ষিয়া - নলুয়াবাগী | গলাচিপা - গোলখালী | ৭১,২০৮/- | ৫০০/- |
| ০৪ | ৬ | উলানিয়া বাজার - চরশিবা খেয়াঘাট | উলানিয়া - চরশিবা খেয়াঘাট | রতনদী তালতলী - চরকাজল | ২,১৭,৩৬০/- | ৭০০/- |

## দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার তারিখ :

| পর্যায় | সিডিউল বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | | দরপত্র খোলার তারিখ ও সময় | |
|---|---|---|---|---|---|
| | | তারিখ | সময় | তারিখ | সময় |
| ২য় | ১৮/০৩/২০২৪ খ্রি. অফিস চলাকালিন সময় পর্যন্ত | ১৯/০৩/২০২৪ খ্রি. | সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত | ১৯/০৩/২০২৪ খ্রি. | অপ: ০৩:৩০ ঘটিকা |
| ৩য় | ০৩/০৪/২০২৪ খ্রি. অফিস চলাকালিন সময় পর্যন্ত | ০৪/০৪/২০২৪ খ্রি. | সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত | ০৪/০৪/২০২৪ খ্রি. | অপ: ০৩:৩০ ঘটিকা |

এখানে উল্লেখ্য যে, ২য় ডাক গ্রহণযোগ্য না হলে ৩য় ডাক বলবৎ হবে এবং ২য় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ১৯/০৩/২০২৪ খ্রিঃ তারিখে ঐ খেয়াঘাটটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ হয়েছে বলে গণ্য করতে হবে। ৩য় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ০৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখে ঐ খেয়াঘাটটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ হয়েছে বলে গণ্য করতে হবে।

### শর্তাবলী ঃ

১. খেয়াঘাটের দরপত্র নির্ধারিত ফরমে নির্ধারিত তারিখে **বেলা ১-০০ টার** মধ্যে জেলা প্রশাসক, পটুয়াখালী, উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা ও সহকারী কমিশনার (ভূমি), গলাচিপা এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। প্রাপ্ত সকল দরপত্র উল্লেখিত তারিখ বেলা ৩.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুক্ষে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

২. দরপত্রের সাথে দরপত্রে উদ্বৃত মূল্যের ২৫ % (শতকরা পঁচিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট / পে অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমাদান করতে হবে।

৩. দরপত্রের নির্ধারিত আবেদন ফরম (সিডিউল) দরপত্র দাখিলের আগের দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপরে উল্লেখিত (০১ নং অনুচ্ছেদে) বর্নিত ০৩ টি অফিস হতে নির্ধারিত মূল্য জমা দিয়ে ক্রয় করা যাবে। দরপত্র আবেদন ফরমের (সিডিউল) মূল্য অফেরৎযোগ্য।

৪. একটি ফরমে একটি মাত্র খেয়াঘাটের দরপত্র দাখিল করতে হবে। দরদাতা বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে খেয়াঘাটের জন্য দরপত্র দাখিল করবেন সে খেয়াঘাটের পূর্ন তথ্য ও দরপত্রে উদ্বৃত দর অংকে ও কথায় ফরমের নির্ধারিত স্থানে স্পস্ট করে লিপিবদ্ধ করতে হবে। দরপত্র ফরমে কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, ও লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হবেনা। দরপত্র ফরমের নির্ধারিত স্থানে ও শর্তাবলী সম্পর্কে অবহিত হয়ে প্রতিটি পৃষ্ঠায় দরদাতার নিজ স্বাক্ষর করতে হবে।

৫. সাধারণভাবে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। তবে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৬. যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র চুড়ান্ত অনুমোদনের পর দরদাতাকে অবহিত করার ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ, অনুমোদিত ইজারা মূল্যের উপর শতকরা ১০% হারে অগ্রিম আয়কর, ১৫ % হারে মূল্য সংযোজন করের অর্থ একত্রে পরিশোধ নিশ্চিত করে ২৫০/- (দুইশত পঞ্চাশ মাত্র) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখিত অর্থ জমাদানে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করা হবে।

৭. ইজারাদার খেয়াঘাট সাব - লীজ দিলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করা হবে এবং ইজারাদারকে দন্ডিত করা হবে।

৮. ইজারাদার যাত্রীদের পারাপারের সুবিধার জন্য উপযুক্ত নৌযান সরবরাহ , ঘাটের উভয় পারে যাত্রীদের ওঠানামার জন্য নিজ খরচে ঘাট ও যাত্রী ছাউনি নির্মান ও রক্ষণাবেক্ষণ করতে হবে।

৯. যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টোলের হার অনুযায়ী টোল আদায় করতে হবে এবং জনসাধারণের জ্ঞাতার্থে টোল হারের তালিকা (অনুমোদিত টোল চার্ট) খেয়াঘাটের উভয় পাড়ে সাইনবোর্ড আকারে নিজ খরচে লটকাইয়া রাখতে হবে। অন্যথায় আইনী আমলে আসবে।

১০. পারাপরের জন্য অনুমোদিত হারের অতিরিক্ত কোন অর্থ আদায় করা যাবেনা। যদি অতিরিক্ত অর্থ আদায় প্রমানিত হয় তবে সংশ্লিষ্ট সময়ের ইজারামূল্যসহ ইজারা বন্দোবস্ত বাতিল করে পূনরায় খেয়াঘাট ইজারা দেয়া হবে।

১১. প্রতিদিন ভোর ৫.০০ টা হতে রাত ১০.০০ টা পর্যন্ত যাত্রী পারাপার করতে হবে এবং রাতে উপযুক্ত আলোর ব্যবস্থা করতে হবে।

১২. প্রশাসন, সেনা বাহিনী, পুলিশ, বিডিআর, র‍্যাব, সড়ক ও জনপথ বিভাগ, ডাক ও ডাকগাড়ী ডাকহরকরা, পরওয়ানা জারীকারকসহ সকল সরকারি ও আধাসরকারি কর্মকর্তা/কর্মচারীগণকে সরকারি কাজে ভ্রমনকালে বিনা মাসুলে পারাপার করতে হবে।

১৩. উল্লেখিত সকল শর্ত, কবুলিয়তের শর্তসহ সরকারী সংশ্লিষ্ট সকল শর্তাবলী বা আইন ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন। যদি কেহ উল্লেখিত শর্তাবলী বা আইন ভংগ করে তবে ইজারা মূল্য ও অন্যান্য জমাকৃত করের অর্থ বাজেয়াপ্ত করে ঘাটটি পূনরায় দরপত্রের মাধ্যমে ইজারা দেয়া হবে ও দন্ডবিধি অনুসারে দন্ডনীয় হবে।

১৪. চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৫. দরপত্রদাতাকে দরপত্রের সহিত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করতে পারবেন।

মো. মহিউদ্দিন আল হেলাল
উপজেলা নির্বাহী অফিসার
গলাচিপা, পটুয়াখালী।
**Email - unogalachipa@mopa.gov.bd**

স্মারক নং - ০৫.১০.৭৮৫৭.০০২.০৬.০২৮.২৪- ২১৩ (১২) তারিখ - ২৮.০২.২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও বহুল প্রচারের অনুরোধ সহকারে প্রেরণ করা হ'ল ঃ

১. জেলা প্রশাসক, পটুয়াখালী।
২. পুলিশ সুপার, পটুয়াখালী।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গলাচিপা, পটুয়াখালী।
৪. উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী (সদর) / বাউফল / দশমিনা / কলাপাড়া / মির্জাগঞ্জ / দুমকি/রাঙ্গাবালী, পটুয়াখালী।
৫. মেয়র, গলাচিপা পৌরসভা।
৬. সহকারী কমিশনার (ভূমি), পটুয়াখালী (সদর) / গলাচিপা / বাউফল / দশমিনা / কলাপাড়া / মির্জাগঞ্জ / দুমকি/রাঙ্গাবালী, পটুয়াখালী।
৭. উপজেলা ...................................................... অফিসার, গলাচিপা, পটুয়াখালী।
৮. অফিসার ইনচার্জ, গলাচিপা থানা।
৯. ম্যানেজার, .................................................... ব্যাংক, ............................................ শাখা।
১০. চেয়রম্যান, .................................................... ইউনিয়ন পরিষদ।
১১. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................... ইউনিয়ন ভূমি অফিস, গলাচিপা।

{ তাঁকে যথাসময়ে সংশ্লিষ্ট হাট-বাজার ও খেয়াঘাটে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হ'ল }

১২. জনাব ............................................................ পিতা, ..........................................................

গ্রাম ....................................................................ডাকঘর ..........................................................

উপজেলা .......................................................... জেলা, পটুয়াখালী ও ইজারাদার, ................................

খেয়াঘাট, বাংলা - ১৪২৮/১৪২৯/১৪৩০ সন।

উপজেলা নির্বাহী অফিসার
গলাচিপা, পটুয়াখালী।